

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস্ বন্ড কমিশনারেট  
৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।

নথি নং- ৫(১৩)১৮১/বন্ড কমিঃ/পেপার কাটিং/০৭/

তারিখঃ ২৯/০৯/২০০৮ ইং

### আদেশ

বিষয়ঃ বন্ড সুবিধার আওতায় বন্ডে নিষিদ্ধ পণ্য (সিটকার পেপার/ সেলফ এডহেসিভ পেপার) আমদানি নিষিদ্ধ করণ প্রসংগে।

সূত্রঃ মেসার্স কসমো সিনথেটিক ইন্ডাঃ এর নিকট থেকে ১৭/০৯/০৮ ইং তারিখে প্রাপ্ত অভিযোগপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোক্ত অভিযোগে মেসার্স কসমোসিনথেটিক ইন্ডাঃ উল্লেখ করেছেন যে, জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ১(১৬)এনবিআর/শুল্ক-৪/৯৩(অংশ-১)/২৩৫৬, তাং- ১৭/১২/৯৭ ইং বলে বন্ড সুবিধার আওতায় সিটকার পেপার, সেলফ এডহেসিভ পেপার ও আর্ট পেপার আমদানির সুযোগ রহিত করা হলেও বন্ড থেকে উক্ত পণ্যের আমদানি প্রাপ্যতা দিয়ে আমদানির সুযোগ প্রদান করা হচ্ছে। ইতোমধ্যে কোন প্রতিষ্ঠানকে এ সুবিধা প্রদান করা হয়ে থাকলেও খুজে বের করে প্রতিষ্ঠানের প্রাপ্যতা থেকে তা বাদ দেওয়ার কার্যক্রম গ্রহণ করতে হবে। ভবিষ্যতে যেন কোন প্রতিষ্ঠান উক্ত পণ্য বন্ড সুবিধার আওতায় আমদানি করতে না পারে সে বিষয়ে নিম্নরূপ পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানানো হলো :-

- (ক) নতুন লাইসেন্স শাখাকে লাইসেন্স প্রদানের ক্ষেত্রে সিটকার পেপার, সেলফ এডহেসিভ পেপার ও আর্ট পেপার প্রাপ্যতা হিসেবে না দেওয়ার কার্যক্রম গ্রহণ করতে হবে;
- (খ) বন্ড লাইসেন্স নবায়নকালে প্রাপ্যতা নির্ধারণের সময়ে অতীতে কোন প্রতিষ্ঠানকে উপর্যুক্ত বর্ণিত পণ্যের প্রাপ্যতা দিয়ে থাকলে তা প্রত্যাহারের জন্য সংশ্লিষ্ট সকল সার্কেল কর্মকর্তাগণকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নির্দেশ প্রদান করা হলো।

স্বাক্ষরিত/-  
(পিয়ুষ কান্তি নাথ)  
অতিরিক্ত কমিশনার  
কমিশনারের পক্ষে